

তুমি আমাদের পিতা,  
তোমায় পিতা ব'লে যেন জানি,  
তোমায় নত হয়ে যেন মানি,  
তুমি কোরো না কোরো না রোষ ।

হে পিতা, হে দেব, দূর করে দাও যত পাপ, যত দোষ—  
যাহা ভালো তাই দাও আমাদের, যাহাতে তোমার তোষ ।  
তোমা হতে সব সুখ হে পিতা, তোমা হতে সব ভালো ।  
তোমাতেই সব সুখ হে পিতা, তোমাতেই সব ভালো ।  
তুমিই ভালো হে তুমিই ভালো সকল-ভালোর সার—  
তোমারে নমস্কার হে পিতা, তোমারে নমস্কার ॥

---

Parjaay: Puja, Taal: Ektaal, Style: Kirtan  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail